

শিক্ষকদের টিকা নিতে প্রধানমন্ত্রীর নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক

১০ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৯ ফেব্রুয়ারি ২০২১ ২২:৪২



সারাদেশে করোনা ভাইরাসের টিকাদান শুরু হওয়ায় যে কোনো সময় স্কুলগুলো খুলে দেওয়া হতে পারে। আর সে জন্য শিক্ষক-কর্মকর্তাদের টিকা নেওয়ার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল সচিবালয় ক্লিনিকে টিকা নেওয়ার পর এ কথা জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন।

শিক্ষক-কর্মকর্তাদের কবে থেকে টিকা দেওয়া হবে- জানতে চাইলে প্রতিমন্ত্রী জানান, শিক্ষকদের জন্য ইতোমধ্যে প্রধানমন্ত্রী স্বাস্থ্য মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করেছেন। আমরা যে কোনো সময় আজ থেকে সাত দিনের মধ্যে টিকা নেওয়া শেষ করব।

নিজের টিকা নেওয়ার অভিজ্ঞতা তুলে ধরে জাকির হোসেন বলেন, আমার কাছে স্বাভাবিক মনে হলো। আমরা অন্যান্য যে ইনজেকশন নিই, তার চেয়ে এটা অনেক আরামদায়ক। আমাদের সচিবসহ সবাই নিয়েছেন। তাদের কোনো রকম পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

উল্লেখ্য, বাংলাদেশে করেনা ভাইরাসে রোগী শনাক্তের পর গত ১৭ মার্চ থেকে সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়। কওমি মাদ্রাসা বাদে অন্যসব শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণা করা আছে।

ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খার্জা দৈনিক
আমাদের মমু

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)